

১৩

ইসলামী বিশ্ববিদ্যালয়

গত বছর ৩৬৫ দিনের মধ্যে বন্ধ ছিল ২৩৩ দিন

ইসলামী বিশ্ববিদ্যালয় থেকে সংবাদদাতা : ইসলামী বিশ্ববিদ্যালয়ে '১৯৯৮ সালে ৩৬৫ দিনের মধ্যে নির্ধারিত ও অনির্ধারিত মিলে সর্বমোট ২৩৩ দিন বন্ধ থাকায় সেশনজট প্রকট আকার ধারণ করেছে। এদিকে সেশনজটের পাশাপাশি অফিসিয়াল জটও আশংকাজনকভাবে বাড়ছে।

ইসলামী বিশ্ববিদ্যালয়ে '৯৮ সালে সরকারি ছুটির পাশাপাশি অনির্ধারিত ছুটি মিলে মোট ২৩৩ দিন বন্ধ ছিল। ফলে ক্লাস হয়েছে মাত্র ১৩২ দিন। স্বাভাবিক ছুটির সাথে অনির্ধারিত বন্ধের কারণে নির্দিষ্ট সময়ে অনেক পরীক্ষা নেয়া সম্ভব হয়নি। ফলে গত সেপ্টেম্বর মাসে কয়েকটি বিভাগের পরীক্ষা শুরু হলে এখন পর্যন্তও শেষ হয়নি। অনেক বিভাগের পরীক্ষা শেষ হলেও ফল প্রকাশে বিলম্ব হচ্ছে। সারাবছরে সর্বসাকল্যে ১৩২ দিন ক্লাস হওয়ায় সেশনজট বেড়ে দাঁড়িয়েছে সাড়ে তিন বছরে।

বছরটি শুরু হয় রমজানের ছুটি দিয়ে এবং শেষও হয় অনির্ধারিত ও রমজানের ছুটি দিয়ে। এ কারণে বছরের শুরু থেকে ৮ই ফেব্রুয়ারি পর্যন্ত মোট ৩৯ দিন বন্ধ ছিল। নির্ধারিত অন্যান্য ছুটি ছাড়া দু'বার ছাত্র সহিংসতার কারণে ৫১ ও ৩৯ দিন করে বন্ধ ছিল মোট ৯০ দিন। দ্বিতীয় দফা সহিংসতার পর ক্যাম্পাস খুলে দেয়া হলেও ক্লাস হয়নি ৯ দিন। শিক্ষক নিয়োগকে কেন্দ্র করে ছাত্র ধর্মঘট ও শিক্ষকদের কর্মবিরতির কারণে ৫ দিন ক্লাস হয়নি। বন্য়ার জন্য ছুটি ছিল ১৫ দিন। সর্বশেষ ২০শে ডিসেম্বর থেকে ছাত্র সহিংসতার কারণে বিশ্ববিদ্যালয় অনির্দিষ্টকালের জন্য বন্ধ হয়ে যাওয়ার ফলে বছরের শেষ ১২ দিন বন্ধ থাকায় মোট ক্লাস বন্ধ ছিল ২১২ দিন।